



দৈনিক আজাদী



স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

সোমবার ২২ আগস্ট ২০২২ www.edainikazadi.net রেজি. নং-৩-৫৪ ৬২তম বর্ষ ৩৩৬ সংখ্যা ৭ ভদ্র ১৪২৯ সাল ২৩ মহররম ১৪৪৪ বিজরি ৮ পৃষ্ঠা ৭ টাকা



আইআইইউসিতে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ

ইসলামী মূল্যবোধ প্রসারে ইমামদের উদ্যোগী হতে হবে

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে (আইআইইউসি) ইসলামিক ফাউন্ডেশন চট্টগ্রামের ইমাম প্রশিক্ষণ একাডেমিতে প্রশিক্ষণরত ইমামদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠিত হয়েছে। সম্প্রতি আইআইইউসি অডিটোরিয়ামে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। এসময় তিনি বলেন, মসজিদের ইমামদের দায়িত্ব অনেক। তাদের কেবল পোশাক-পরিচ্ছদে নয়, সমাজের সকল ক্ষেত্রে ইসলামের বাস্তব প্রতিচ্ছবি হতে হবে। অন্যায় ও মিথ্যাচারের বিপরীতে সততা, ন্যায়পরায়ণতা এবং ইসলামী মূল্যবোধ প্রসারে বিশেষভাবে উদ্যোগী হতে হবে। ইসলাম প্রসারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পূর্বপুরুষদের অসামান্য অবদানের কথা স্মরণ করে উপাচার্য আরও বলেন, দক্ষ নাগরিক সৃষ্টিতে প্রশিক্ষণের বিকল্প নেই। জাতির পিতার প্রতিষ্ঠিত ইসলামিক ফাউন্ডেশনের অধীনে পরিচালিত এ প্রশিক্ষণ কর্মশালা ইমামদের সমাজ বিনির্মাণে ভূমিকা রাখতে সহায়তা করবে। মতবিনিময় সভায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামিক ফাউন্ডেশন চট্টগ্রামের বিভাগীয় পরিচালক মোহাম্মদ তৌহিদুল আনোয়ার, ইমাম প্রশিক্ষণ একাডেমি, চট্টগ্রামে উপ-পরিচালক মোহাম্মদ ইদ্রিস। আইআইইউসি দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান আ ফ ম নূরুজ্জামানের সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন আইআইইউসির রেজিস্ট্রার এ এফ এম আখতারুজ্জামান কায়সার। এছাড়াও বক্তব্য রাখেন বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ তিন প্রফেসর ড. মো. আকতার সাঈদ, সায়েন্স অব হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মুহাম্মদ নাজমুল হক নদভী, প্রশিক্ষণার্থী ইমামদের পক্ষ থেকে বক্তব্য রাখেন মাওলানা মোহাম্মদ সোহাগ। মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয় উপ-পরিচালক মো. সেলিম উদ্দিন, ইমাম প্রশিক্ষণ একাডেমীর সিনিয়র সোশ্যাল সায়েন্স ইন্সট্রাক্টর ড. মুহাম্মদ সুলতান মাহমুদ ভূইয়া, প্রশিক্ষক খাজা আহমেদ মিয়াজী প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Dainik Azadi, Date: 20 August 2022, Page: 3, Col: 3
<https://edainikazadi.net/index.php?page=1&date=2022-08-20>



আইআইইউসিতে ইমাম প্রশিক্ষণ একাডেমিতে প্রশিক্ষণরত ইমামদের সাথে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ

আইআইইউসিতে ইমাম প্রশিক্ষণ একাডেমির প্রশিক্ষার্থীদের সভা

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে (আইআইইউসি) ইসলামিক ফাউন্ডেশন চট্টগ্রামের ইমাম প্রশিক্ষণ একাডেমিতে প্রশিক্ষণরত ইমামদের সঙ্গে সম্প্রতি আইআইইউসি অডিটোরিয়ামে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। মতবিনিময় সভায় অতিথি ছিলেন, ইসলামিক ফাউন্ডেশন চট্টগ্রামের বিভাগীয় পরিচালক মোহাম্মদ তৌহিদুর আনোয়ার, ইমাম প্রশিক্ষণ একাডেমি, চট্টগ্রামে উপ-পরিচালক মোহাম্মদ ইদ্রিস। আইআইইউসি দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান আ.ফ.ম. নূরুজ্জামানের

সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন আইআইইউসির রেজিস্ট্রার এ. এফ. এম. আখতারুজ্জামান কায়সার। এ ছাড়াও বক্তব্য রাখেন, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ ডীন প্রফেসর ড. মো. আকতার সান্নি, সায়েন্স অব হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মুহাম্মদ নাজমুল হক নদভী, প্রশিক্ষার্থী ইমামদের পক্ষ থেকে বক্তব্য রাখেন মাওলানা মোহাম্মদ সোহাগ। আরো উপস্থিত ছিলেন ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয় উপ-পরিচালক মো. সেলিম উদ্দিন, ইমাম প্রশিক্ষণ একাডেমির সিনিয়র সোস্যাল সায়েন্স ইন্সট্রাক্টর ড. মুহাম্মদ সুলতান মাহমুদ ভুইয়া, প্রশিক্ষক খাজা আহমেদ মিয়াজী প্রমুখ।-বিজ্ঞপ্তি